



শিক্ষা

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের

ক্লাস টেস্ট

১১২১

A, B, C, D, E এই DAY

গুলো নিয়ে একটি করে CYCLE তৈরি হবে। এইভাবে প্রত্যেক সেমিস্টারে মোট ১৩টি CYCLE সম্পন্ন হবে। এখন ক্লাস শুরু পর কোন CYCLE এর A, B, C DAY সম্পন্ন হওয়ার পর যদি D-DAY তে কোন নির্দিষ্ট কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকে তবে উক্ত D-DAY এর ক্লাসগুলো পরের কার্যদিবসে হবে এবং নির্ধারিত E-DAY এর ক্লাসগুলো তার পরের কার্যদিবসে হবে। এইভাবে একটি CYCLE-এর প্রত্যেকটি DAY সম্পন্ন হবেই। (উল্লেখ্য, বৃহস্পতি ও শুক্রবার ছাড়া সপ্তাহের বাকী দিনগুলো কার্যদিবস হিসাবে বিবেচিত হবে)। আবার কোন CYCLE-এর A এবং B-DAY সম্পন্ন হওয়ার পর যদি গ্রীষ্মের ছুটি হয়ে যায় তবে ছুটির পর প্রথম যে দিন ক্লাস হবে সেদিনটি হবে সেই CYCLE এর C-DAY। এইভাবে সেই CYCLE সম্পন্ন

হবে।

২। (ক) প্রথম বর্ষ হতে তৃতীয় বর্ষ পর্যন্ত ক্লাস টেস্ট থাকবে। চতুর্থ বর্ষে কোন ক্লাস টেস্ট থাকবে না। চতুর্থ বর্ষে ছাত্রদের থিসিস, প্রজেক্টের কাজের চাপ থাকে এবং কোন কোন নির্দিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ পর্যায়ের পড়াশুনা করানো হয় থিসিস, প্রজেক্টের সাথে জড়িত সিনিয়র শিক্ষকগণই সাধারণতঃ চতুর্থ বর্ষে ক্লাস নিয়ে থাকেন। আবার এই সিনিয়র শিক্ষকগণই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দায়িত্বশীল কাজে ব্যস্ত থাকেন। তাই সিনিয়র শিক্ষকদের জন্য ক্লাস টেস্ট নেয়া একটি বাড়তি চাপ। তাছাড়া সমাপনী বর্ষ হিসাবে চতুর্থ বর্ষের ছাত্রদের সমাপনী উৎসবের আয়োজন করতে হয় এবং বিশ্ববিদ্যালয়ে অন্যান্য অনুষ্ঠান আয়োজনে নেতৃত্ব দিতে হয়।
(খ) ক্লাস টেস্টের জন্য মোট নম্বরের শতকরা ১০ ভাগ নির্দিষ্ট থাকবে।
(গ) স্বাভাবিক কারণে সেমিস্টার-এর প্রথম দুই CYCLE এবং QUIZ, VIVA ইত্যাদির কারণে শেষ CYCLE টিতে কোন ক্লাস টেস্ট থাকবে না। বাকী ১০টি CYCLE এর

৫০টি DAY এর মধ্যে ৭/৮টি বিষয়ের ক্লাস টেস্ট (প্রত্যেক বিষয়ে ৩টি টেস্ট হিসাবে) মোট ৩×৭=২১টি বা ৩×৮=২৪টি টেস্ট এমনভাবে নেয়া হবে যেন কোন CYCLE এ তিনটির অধিক টেস্ট না হয়। (কিন্তু একই DAY তে ২টি টেস্ট নয়)।
কোন বিষয়ের ৩টি ক্লাস টেস্ট-এর যে কোন ভাল দুইটির নম্বর যোগ করা হবে। এজন্য প্রত্যেক বিষয়ে টেস্টগুলো সেমিস্টার-এর কোন CYCLE এর কোন DAY তে হবে সে বিষয়ে ছাত্রদের রুটিনের মাধ্যমে সেমিস্টার-এর প্রথম দুই CYCLE এর মধ্যে অবহিত করা হবে। ফলে ছাত্র-ছাত্রীরা এবং শিক্ষকবৃন্দও এ ব্যাপারে পূর্ব থেকে অবহিত থাকবেন। ফলে নতুন কোন ঘোষণার প্রয়োজন হবে না। রুটিন প্রত্যেক বর্ষের ছাত্ররা নিজেরাই এমনভাবে করবে যেন প্রত্যেক বিষয়ের পরীক্ষা একবার করে হবে এবং হওয়ার পর এক পর্ব শেষ হয়েছে বলে ধরা হবে। এভাবে এক সেমিস্টারের ক্লাস টেস্টগুলো তিন পর্বে সম্পন্ন হবে। রুটিন ছাত্ররা নির্দিষ্ট সময়ের মধ্যে বিভাগীয় দফতরে জমা দিবে এবং

বিভাগীয় দফতর এই রুটিন নোটিশের মাধ্যমে সকলকে অবহিত করবে।
(ঘ) ক্লাস টেস্টের প্রশ্ন হবে QUIZ ধরনের। প্রশ্ন থাকবে দশটি। এর মধ্যে সাতটি হবে তথ্যমূলক, ২টি হবে পরস্পর সম্পর্কযুক্ত ধরনের এবং ১টি হবে চিন্তামূলক। প্রশ্নপত্র দেয়া হবে দু'পৃষ্ঠায়। এক পৃষ্ঠায় প্রশ্ন থাকবে এবং অপর পৃষ্ঠাটিতে উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের নীচে ৪টি উত্তর থাকবে এবং একটি সঠিক উত্তর বেছে নিয়ে উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে চিহ্নিত করা হবে। উত্তরপত্র হবে ছক কাটা। কলাম বরাবর থাকবে উত্তরের নামগুলো এবং সারি বরাবর থাকবে প্রশ্নের নম্বরগুলো। (ঙ) ক্লাস টেস্টের সময় থাকবে ১৫ মিনিট।
(চ) ক্লাস টেস্টের জন্য সেমিস্টার পরীক্ষার মত আসন নির্দিষ্ট করা হবে। তবে একজন ছাত্র একটি শিক্ষাবর্ষে একই আসনে বসে সকল ক্লাস টেস্ট দিবে। যে কোন দু'টি বর্ষ একই DAY তে এবং অন্য বর্ষটি একই অন্য DAY তে দিবে। তবে পুরনো ১ম বর্ষ ও ৩য় বর্ষ এক সাথে এবং নতুন ১ম বর্ষ ও ২য় বর্ষ এক সাথে পরীক্ষা দিতে পারবে।
চলবে।
শেখ মাহবুবুর রহমান